

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল নং-৩ এর কার্যালয়।  
রংপুর।




**নিয়োগ বিজ্ঞপ্তি**

নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৩, রংপুর-এ অফিস সহায়ক পদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে উল্লেখিত পদের বিপরীতে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশি নাগরিকদের নিকট হইতে সাদা কাগজে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	জাতীয় বেতন স্কেল, ২০১৫	শিক্ষাগত যোগ্যতা
১	অফিস সহায়ক	০১	৮,২৫০-২০০১০/- টাকা (গ্রেড-২০)	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

**শর্তাবলী**

- প্রার্থীকে চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৩, রংপুর বরাবরে স্ব-হস্তে লিখিত আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) নিজ জেলা, (ছ) জন্ম তারিখ, (জ) ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স, (ঝ) জাতীয়তা, (ঞ) জাতীয় পরিচয়পত্র নম্বর (যদি থাকে)/জন্ম সনদ, (ট) ধর্ম, (ঠ) শিক্ষাগত যোগ্যতা (ড) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করিতে হবে।
- আবেদনপত্র আগামী ২৭/০১/২০২২ খ্রিঃ তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে অথবা সরাসরি চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৩, রংপুর-এর কার্যালয় বরাবর পৌছাতে হইবে। উক্ত তারিখে ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হইবে না।
- আগামী ২৫/৩/২০২০ খ্রিঃ তারিখ প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসর হইতে হবে। তবে প্রার্থী যদি মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হন, আবেদনপত্রের সহিত মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ফটোকপি (যাহা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতীক্ষাকরিত) দাখিল করিতে হইবে। বয়সের ক্ষেত্রে কোন হলফনামা গ্রহণযোগ্য হইবে না।
- আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করিতে হইবেঃ
  - শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত অনুলিপি।
  - সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত রঙ্গিন ছবি।
  - প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
  - নাগরিকত্ব সনদের প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত অনুলিপি।
  - জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্রের প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত অনুলিপি।
  - প্রার্থীর নাম ঠিকানাসহ ১০ (দশ) টাকার ডাকটিকিট সংবলিত ৯.৫ ইঞ্চি x ৪.৫ ইঞ্চি মাপের একটি ফেরত খাম।
  - চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে আবেদন করিতে হইবে।
  - পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকার পোস্টাল অর্ডার/পে-অর্ডার (অফেরতযোগ্য) চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৩, রংপুর-এর অনুকূলে দাখিলপূর্বক আবেদনপত্রের সাথে সংযুক্ত করিতে হইবে।
  - ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।
  - খামের উপর অবশ্যই পদের নাম ও নিজ জেলা স্পষ্টাক্ষরে উল্লেখ করিতে হইবে।
  - উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রবেশপত্রের মাধ্যমে জানানো হইবে, যা ডাকযোগে ইস্যু করা হইবে।
  - মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদের মূল কপি প্রদর্শন করিতে হইবে।
  - পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হইবে না।
  - বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা প্রয়োজনে কম/বেশি করিবার এবং এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করিবার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
  - প্রচলিত নিয়োগ বিধি/প্রচলিত মুক্তিযোদ্ধা কোটাসহ অন্যান্য কোটা/নিয়োগ সংক্রান্ত সরকারের অপরাধ বিধি/আদেশ ও আনুষ্ঠানিকতা যথাযথভাবে অনুসরণ করা হইবে।
  - নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
  - যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে।

  
12.01.22

(এম আলী আহমেদ)

চেয়ারম্যান

নিয়োগ বাছাই কমিটি

ও

বিচারক (জেলা ও দায়রা জজ)

নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৩, রংপুর।